যুগান্তর

তারিখ 09 MAR 2017
পৃষ্ঠা ২ কলাম ৬

# প্যানেলের সব শিক্ষককে এ মাসেই নিয়োগের সুপারিশ

সংসদ রিপোর্টার

প্যানেলভুক্ত সব শিক্ষকের নিয়োগ ৩০ মার্চের মধ্যে সম্পন্ন করার সুপারিশ করেছে জাতীয় সংসদের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। একই সঙ্গে প্রাথমিক বিদ্যালয়গুলোতে দীর্ঘদিন ধরে শূন্য থাকা প্রধান শিক্ষকের পদগুলোও নিয়মানুযায়ী পদোন্নতির মাধ্যমে পূরণ করার সুপারিশ করা হয়েছে। বুধবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়। কমিটির সভাপতি মো. মোতাহার হোসেনের সভাপতিত্বে বৈঠকে সদস্য আ খ ম জাহাঙ্গীর হোসাইন, মো. আবুল কালাম, আলী আজম ও মোহাম্মদ ইলিয়াছ অংশ নেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ উজ জামানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।

কমিটি সূত্র জানায়, বৈঠকে প্রাথমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণী চালুকরণ, তৃতীয় ধাপে স্কুল সরকারিকরণ এবং শিক্ষকদের আত্তীকরণ, প্রাথমিক বিদ্যালয়ে মিড ডে মিল চালুকরণ এবং শিক্ষানীতি ২০১০ এর আলোকে ছাত্র-শিক্ষক অনুপাত সম্পর্কে আলোচনা হয়। কমিটি প্রাথমিক বিদ্যালয়ে সরকারের পাশাপাশি স্থানীয় জনপ্রতিনিধি, সমাজের বিত্তবান ব্যক্তি, ব্যবসায়ী ও বিত্তবান অভিভাবকদের আর্থিক সহায়তায় মিড ডে মিল কার্যক্রম চালু রাখার সুপারিশ করে।

বৈঠকে স্কুল পরিদর্শন কার্যক্রম আরও জোরদার করার জন্য দ্রুততম সময়ের মধ্যে ই-মনিটরিং ব্যবস্থা চালু করার সুপারিশ করা হয়। কমিটি জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুযায়ী ৮ম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষায় অন্তর্ভুক্তকরণের প্রক্রিয়া অব্যাহত রাখার সুপারিশ করে। এছাড়া তৃতীয় ধাপে স্কুল সরকারিকরণ এবং আত্তীকৃত শিক্ষকদের চাকরি সরকারিকরণের প্রক্রিয়াটি বাস্তবায়নের সুপারিশ করা হয়।